



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৯৭৩

তারিখ: ৫ আশ্বিন ১৪২৭

২০ সেপ্টেম্বর ২০২০

বিষয়: আমন' ১৯-২০ চাল অগ্রাধিকারভিত্তিতে নিষ্পত্তি করণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সকল অঞ্চলের এলএসডি-সিএসডি সমূহে খাদ্য বান্ধবসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য প্রয়োজনীয় পরিমাণ আমন' ১৯-২০ সিন্দ ও আতপ চাল মজুত রয়েছে, যা সেপ্টেম্বর-অক্টোবর' ২০২০ মাসে নিঃশেষ হবে মর্মে আশা করা যায়। তাই জাতীয় ওয়ারেন্ট বিবেচনায় সারাদেশে একযোগে আমন' ২০১৯-২০ সিন্দ ও আতপ চাল নিঃশেষ না হওয়া পর্যন্ত সদ্য সংগৃহীত বোরো' ২০ চাল যেন বিলি-বিতরণ করা না হয় সে বিষয়টি মনিটরিং করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হলো। তবে বোরো' ২০ সিন্দ-আতপ চালের বিতরণ বিষয়ে ইপি অগ্রাধিকার খাত ও সববি বিভাগ থেকে অনুমোদিত ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

যে সকল জেলা/বিভাগের এলএসডি সমূহে আমন' ২০১৯-২০ চাল উদ্বৃত্ত রয়েছে সেসকল এলএসডি/সিএসডি সমূহে যথাসময়ে আমন' ১৯-২০ চাল আইআরটিসি/আইবিসিসি/ডিআরটিসি সূচি জারি করে প্রেরণ নিশ্চিত করতে হবে। জেলা/বিভাগের মধ্যে আমন' ১৯-২০ চালের মজুত অপ্রতুল থাকলে সেক্ষেত্রে যথাসময়ে খাদ্য অধিদপ্তর হতে সূচি জারির জন্য চাহিদা প্রেরণ করতে হবে। তবে অপরিহার্য বিবেচনায় কোন ক্ষেত্রে বোরো' ২০২০ চালের বিতরণের প্রয়োজনীয়তা দেখা দিলে সেক্ষেত্রে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের নিকট হতে পুরোহী লিখিত অনুমতি গ্রহণ করতে হবে।

বর্ণিতাবস্থায় উপর্যুক্ত নির্দেশনা অমান্য করে কোন এলএসডি/সিএসডি হতে বিতরণযোগ্য আমন' ১৯-২০ এর পরিবর্তে সদ্য সংগৃহীত বোরো' ২০ চাল বিলি বিতরণ করা না হয় সে বিষয়টি মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে নির্দেশনা প্রদান করা হলো।

২০-৯-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৯৭৩/১(৫৬)

তারিখ: ৫ আশ্বিন ১৪২৭

২০ সেপ্টেম্বর ২০২০

অনুলিপিৎ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর - ওয়েবসাইটে প্রচারের জন্য।

২০-৯-২০২০

আব্দুল্লাহ আল মামুন

পরিচালক